RADIANCE
PUBLISHERS & BOOK SELLERS

# রেডিয়্যান্স

## মননশীল গ্রন্থ প্রকাশনায় প্রতিশ্রুতিবদ্ধ


২০৬, বিধান সরণি, কলকাতা ৭০০ ০০৬
যোগাযোগ: প্রযত্নে, রেনেসাঁস পাবলিশার্স প্রাইভেট লিমিটেড
১৫, বঙ্কিম চ্যাটার্জি স্ট্রিট, কফি হাউস, তিনতলা, কলকাতা ৭০০ ০৭৩
মোবাইল: ৭৫৯৫৯ ৫৩৫২৫/ ৮০১৭০ ৪৬৭৭৭
ই-মেল: radiancekolkata2000@gmail.com

রেডিয়্যান্স-এর বই সংগ্রহ করতে চাইলে ৭৫৯৫৯ ৫৩৫২৫ হোয়াট্‌স অ্যাপ নম্বরে অর্ডার দিতে পারেন। আপনার প্রয়োজনীয় বইটি স্পীড পোস্ট মারফৎ আপনার বাড়িতে পৌঁছে যাবে।

স্বল্প মূল্যে ISBN সহ উচ্চমানের গ্রন্থ প্রকাশ করা হয়। আপনার লিখিত গ্রন্থটি প্রকাশের জন্য যোগাযোগ করুন।

## রবীন্দ্রকুমার শীল-এর

# বিপ্লবী অরবিন্দ ও আলিপুর বোমা মামলা




ISBN: 978-93-81037-92-8

₹ 250/-


রবীন্দ্রকুমার শীলের এই গ্রন্থটি শ্রীঅরবিন্দের বৈপ্লবিক জীবনের একটি বিস্তৃত আলেখ্য মাত্র। কিন্তু এই সূত্রেই তাঁর সমগ্র জীবনের রূপরেখাটি ফিরে ফিরে আসে। এই রূপরেখার কিছু কিছু অংশ আজও রহস্যাবৃত। এর মধ্যে অরবিন্দর বিপ্লবী জীবনও পড়ে। কোন্ অরবিন্দকে নেতাজি সুভাষচন্দ্র বসু তাঁর বৈপ্লবিক জীবনের আদর্শ করেছিলেন? লেখক সব প্রশ্নের উত্তর দেননি, সব রহস্যের উন্মোচনও করেননি। সেটা স্বাভাবিক। তবে আশা করি, অরবিন্দ-জীবনের নানা পর্ব ও পর্বান্তরের রহস্য, তার নিহিত আলোছায়া, অরবিন্দ-জীবনকে নিয়ে আরও অনেক কাল আমাদের ভাবিয়ে যাবে।

জানুয়ারি, ২০১৮

ড: অসীমপদ চক্রবর্তী-র

# আন্তর্জাতিক সম্পর্ক ও ঘটনাবলী

## নির্বাচিত প্রবন্ধ সংগ্রহ




₹ 350/-

এই বইতে সংকলিত প্রবন্ধগুলি ‘সকালবেলা’ বাংলা দৈনিক কাগজে প্রকাশিত হয়েছিল। ঐ লেখাগুলির মূল লক্ষ্য ছিল বাংলা সংবাদপত্রের পাঠকদের সেই সময়েরআ ান্তর্জাতিকস ম্পর্কও বি ষয়গুলিরস ঙ্গে পরিচিতক রে দওয়া। সংবাদপত্রের প্রকাশিত লেখার মূল্য প্রধান তাৎক্ষণিক ও প্রাসঙ্গিক। কিন্তু বহু প্রসঙ্গ থাকে যার প্রাসঙ্গিকতা কখনও নিঃশেষ হয়ে যায় না। ইতিহাসের ধারাবাহিকতার একটা সাক্ষ্য বহন করে। সংবাদপত্রে প্রকাশিত প্রবন্ধগুলি তৎকালীন ঘটনা ও প্রেক্ষিত-নির্ভর। এই বইতে সেই প্রবন্ধগুলিকে অঞ্চলভিত্তিক সাজানো হয়েছে এবং মোট পাঁচটি পরিচ্ছেদে ভাগ করা হয়েছে— যেমন, ভারতীয় উপমহাদেশ ও চিন; পশ্চিম এশিয়া ও আরব জগত; ইউরোপ; মার্কিন যুক্তরাষ্ট্র ও দক্ষিণ আমেরিকা এবং পূর্ব এশিয়া ও অন্যান্য প্রসঙ্গ। এই বইয়ে সংকলিত প্রবন্ধগুলি আন্তর্জাতিক ও বিশ্ব রাজনীতি বিষয়ে জানতে উৎসুক ও আগ্রহী পাঠক এবং আন্তর্জাতিক সম্পর্ক নিয়ে চর্চারত পাঠকদের ইতিহাসের ধারাবাহিকতা বুঝতে সাহায্য করবে।


শিবনারায়ণ রায় সম্পাদিত

# বাংলার রেনেসাঁস

মে, ২০১৮

উনিশ শতক এবং বিশ শতকের প্রথমার্ধ—এই দেড়শ' বছর ধরে বাঙালির চিন্তায় এবং বিবিধ ক্রিয়াকলাপে যে প্রোজ্জ্বল এবং প্রাণবন্ত মননশীলতার প্রকাশ ঘটেছিল, বিশ শতকের শেষভাগে তা নাটকীয়ভাবে স্তিমিত হয়ে আসে। কী ঘটেছিল, কেন ঘটেছিল এবং বর্তমানে কেন তা অবসন্ন হয়ে এসেছে, এ নিয়ে অনুসন্ধান বিশেষ জরুরি। এই বিবেচনায় প্রসঙ্গটির বিভিন্ন দিক নিয়ে সময়োপযোগী সংকলনটি প্রকাশ করা হল। এই বইয়ের প্রবন্ধগুলি পাঠক-পাঠিকাদের মনে মুক্তবুদ্ধি চর্চার প্রেরণা যোগাবে বলে আমাদের আশা।

বারো জন বিবুধান এবং বিশেষজ্ঞ ব্যক্তি এখানে বঙ্গীয় রেনেসাঁস-এর বিভিন্ন দিকের ওপরে আলোকপাত করেছেন। তাঁরা হলেন: মানবেন্দ্রনাথ রায়; অন্নদাশঙ্কর রায়; নীহাররঞ্জন রায়; শিবনারায়ণ রায়; অম্লান দত্ত; জয়ন্ত বিষ্ণু নারলিকর; সাধনা মজুমদার; অসীম রায়; সালাহ্উদ্দীন আহ্মদ; গোলাম মুরশিদ; সত্যেন্দ্রনাথ রায় ও কে. জি. সুব্রহ্মণ্যন্।




₹ 399/-


আচার্য প্রফুল্লচন্দ্র রায়

ও

হরগোপাল বিশ্বাস-এর

# খাদ্য-বিজ্ঞান

২০১৮




₹ 250/-

এই বইটি পড়লে জানা যাবে আমরা খাদ্য বলিতে কী বুঝি ! আমাদের দেহে শক্তি উৎপাদন ছাড়াও, মানব দেহের বৃদ্ধি এবং রোগ প্রতিরোধক ক্ষমতাপ্রদান দ্বারা শারীরিক স্বাভাবিকতা বজায় রাখতে খাদ্যের ভূমিকা ছবিসহ তুলিয়া ধরা হয়েছে লেখনীর মাধ্যমে। খাদ্যের জৈব ও অজৈব বস্তু জৈবিক প্রক্রিয়া সম্পাদন করতে সাহায্য করে ও জীবনী শক্তি প্রদান করে পরিপোষক খাদ্য বলে পরিগণিত হয়। পরিপূরক হিসাবে কয়েক প্রকার লবণ ও ভিটামিনেরও প্রয়োজন আছে।


সবিশেষ উল্লেখনীয় যে বিভিন্ন রোগে আক্রান্ত ব্যক্তিদের ক্ষেত্রে ও বিভিন্ন বয়সের পরিপ্রেক্ষিতে কিভাবে খাদ্যগ্রহণ করা উচিৎ, বিভিন্ন খাদ্যদ্রব্যের গুণাবলী এবং তাদের গ্রহণ করবার আবশ্যিক পরিমাণও এই বইটি থেকে জানা যাবে। এই বইটিতে বিভিন্ন খাদ্যের রাসায়নিক গুণ ও রাসায়নিক জ্ঞাতব্য বিষয়গুলি এমনভাবে দেওয়া হয়েছে যে সেগুলির মানব শরীরের জৈবিক ক্রিয়ার ওপর তাদের প্রভাব সম্পর্কে জ্ঞান লাভ করে খাদ্যগুলির পুষ্টিগুণ সম্বন্ধে একটি সুস্পষ্ট মত গড়ে তুলিতে পারা যায়।

মীরাতুন নাহার সম্পাদিত

# রক্ত-লেখায় নিমগ্ন

## নজরুল

অগাস্ট, ২০১৮




বর্তমান সময়কালে ন্যায়বোধসম্পন্ন মানুষ বিরল প্রজাতি বলে গণ্য হতে চলেছে বলে নজরুল-চর্চা আবশ্যক। নজরুল-চর্চার প্রাসঙ্গিকতা ও সত্যনিষ্ঠ নজরুল-চর্চা— উভয় বিষয়ের উপর গুরুত্ব দেওয়ার জন্য আবেদন রাখা হল নজরুল-প্রেমিকদের কাছে। গ্রন্থটিতে নজরুল-সৃষ্টির বিভিন্ন দিকে আলোকপাত করেছেন নামী-দামী লেখকগোষ্ঠী। তাঁরা হলেন: আজহারউদ্দীন খান; সুমিতা চক্রবর্তী; শহিদুল ইসলাম; ব্রহ্মমোহন ঠাকুর; আবদুর রাউফ; বাঁধন সেনগুপ্ত; গোলাম মুরশিদ; গোপা দত্তভৌমিক; শেখ মকবুল ইসলাম; সন্দীপ বন্দ্যোপাধ্যায়; মুহাম্মদ ফজলে কাদের; মানস জানা; আবদুর রাকিব; তরুণ মুখোপাধ্যায় ও নজরুলের গ্রন্থপঞ্জী প্রস্তুত করে দিয়েছেন শ্রী অশোক কুমার রায়। তাঁর প্রদত্ত তালিকার সঙ্গে আরও কিছু গ্রন্থ-পরিচয় সংযোজন করা হল এবার নজরুলের নিজের কিছু রচনাদি পুনঃপ্রকাশ করা হল নবীন পাঠকদের কথা ভেবে এবং সেগুলির প্রকাশ-কাল সম্পর্কিত কিছু তথ্য দেওয়া হল বিভিন্ন নির্ভরযোগ্য তথ্যসূত্র ব্যবহার করে।

ISBN: 978-81-932309-4-7
9 788193 230947

প্রসেনজিৎ দাঁ-র

## বেদান্ত দর্শনের আলোকে

## স্বামী বিবেকানন্দ

‘বেদান্ত দর্শনের আলোকে স্বামী বিবেকানন্দ’— গ্রন্থটি যথাযথ আলোচনা ও মূল্যায়ন করতে গিয়ে চারটি অধ্যায়ে বিভক্ত করা হয়েছে। **প্রথম অধ্যায়:** এই অধ্যায়ের শিরোনাম— ‘ভারতীয় দর্শনে বেদান্তের স্থান’। **দ্বিতীয় অধ্যায়:** এই অধ্যায়ের শিরোনাম—‘বেদান্ত দর্শনের আলোকে শ্রীরামকৃষ্ণ’। **তৃতীয় অধ্যায়:** এই অধ্যায়ের শিরোনাম— ‘বেদান্ত দর্শন ও বিবেকানন্দ’। **চতুর্থ অধ্যায়:** এই অধ্যায়ের শিরোনাম— ‘বর্তমান সমাজে বেদান্তের উপযোগিতা’। পরিশেষে উপসংহারে, বিবেকানন্দের বেদান্ত বাণী প্রচারের উদ্দেশ্য এবং তিনি গতানুগতিক বেদান্তের কোন্ অংশগুলি থেকে সরে গেছেন এবং সরে যাওয়ার উদ্দেশ্য নিয়ে আলোচনা করা হয়েছে।

মে, ২০২১





₹ 125/-

ISBN: 978-93-81037-88-1
9 789381 037881

## সংযুক্তা পান ও
## ইসমাইল সেখ-এর
# সমকালীন ভারতীয় দর্শন

জানুয়ারি, ২০২১


সমকালীন ভারতীয় দর্শন প্রাচ্য ও পাশ্চাত্যে এক অপূর্ব মেলবন্ধনের সৃষ্টি করেছে। তবে এই দর্শনের সীমাবদ্ধতা এখানেই শেষ নয়। এর বিস্তার ভারতবর্ষকে অতিক্রম করে পৃথিবীর সর্বত্র ছড়িয়ে পড়েছে। এর মৌলিকতা এখানেই যে, এটি একটি সৃষ্টিমূলক দার্শনিক চিন্তাধারা। সমসাময়িক ভারতীয় দর্শন যে সমস্ত দার্শনিকদের মতাদর্শ অনুসারে সমৃদ্ধ হয়েছে সেই সমস্ত মহান দার্শনিকদের মধ্যে রবীন্দ্রনাথ ঠাকুর; স্বামী বিবেকানন্দ; কৃষ্ণচন্দ্র ভট্টাচার্য্য; শ্রীঅরবিন্দ; মহম্মদ ইকবাল; সর্বপল্লী রাধাকৃষ্ণান; জিড্ডু কৃষ্ণমূর্তি; মহাত্মা গান্ধি; বি. আর. আম্বেদকর; দীন দয়াল উপাধ্যায়; নারায়ণ গুরু; তিরুভল্লুর; জ্যোতিবা ফুলে এবং এম. এন. রায়ের চিন্তাধারা বিভিন্ন দৃষ্টিকোণ থেকে ব্যক্ত করা হয়েছে।




ISBN: 978-93-81037-93-5

₹ 125/-

অগাস্ট, ২০১৮




₹ 350/-

₹ 350/-

ISBN: 978-93-81037-71-3

## স্বরাজ সেনগুপ্ত সম্পাদিত

# সাম্প্রদায়িকতার বিরুদ্ধে

## বিবিধ কণ্ঠস্বর

…জম্, হিন্দু-মুসলমান দাঙ্গা ও সম্প্রীতি প্রচেষ্টা, দেশ ভাগ, দুই বঙ্গে …নুষের সমস্যা ইত্যাদি নিয়ে *জিজ্ঞাসা* পত্রিকার সহযোগিতায় ২৫টি … । সঙ্কলনের সূচনায় রবীন্দ্রনাথ ঠাকুরের ‘ধর্ম ও জড়তা’। এটি …ংগ্রহ করে *জিজ্ঞাসা*-র সেক্যুলারিজম্ সংখ্যায় প্রকাশিত হয়েছিল। …লন সমৃদ্ধ হয়েছে, বিবেকী ও মুক্তমনা ভাবুক কাজী আবদুল ওদুদ, …ষ্ণ মতিলাল, অশীন দাশগুপ্ত, অম্লান দত্ত, গৌরী আইয়ুবের লেখায়। এ ছাড়াও লেখা রয়েছে রজনী কোঠারি, কেতকী কুশারী ডাইসন, শহিদুল ইসলাম, অমলেন্দু দে, গোলাম মুরশিদ, বসন্ত পলশিকর প্রমুখ গুণীজনেদের। লেখকেরা প্রত্যেকেই সুপরিচিত ভাবুক। বলা যেতে পারে মুক্তবুদ্ধি মননচিন্তন এবং বৈদগ্ধ্যের ঐশ্বর্য এই প্রবন্ধ সঙ্কলন। দুই বাংলার পাঠক প্রবন্ধগুলির সারবত্তা অনুধাবন করলে এ প্রচেষ্টা সার্থক হবে।

জানুয়ারি, ২০১৭

মীরাতুন নাহার-এর

# সেই মেয়েটির কথা

## রোকেয়া সাখাওয়াত হোসেন-এর জীবনচর্যা

রোকেয়ার কর্মকাণ্ডের প্রকৃত লক্ষ্য সম্পর্কে কিছু ভ্রান্তি আজও দেশবাসীর মনে রয়ে গেছে। সেগুলির নির্ণয় ও দূরীকরণ করার আবশ্যকতা উপলব্ধি করে বইখানি পাঠকদের হাতে তুলে দেওয়া হল। এই মহাপ্রাণা 'ভারত মহিলা'-র জীবন-চর্যার বিভিন্ন দিকগুলি বইটিতে সংক্ষেপে বিবৃত করা হয়েছে। বিশেষত, মহৎ জীবনপাঠে জীবনগঠনের আদর্শ জীবনে মেনে নেওয়ার প্রেরণা যতখানি মেলে তেমনটি আর কিছুতে নয়— এই সত্য মেনে, কিশোর বয়সী দেশবাসীদের, যারা দেশের ভবিষ্যত, পাঠ্য হিসেবে যদি বইটি সমাদৃত হয় তাহলে গ্রন্থকারের নিষ্ঠা ও শ্রম সার্থক হবে।




₹ 125/-

ISBN 978-93-81037-57-7

শিবনারায়ণ রায় সম্পাদিত

# রামমোহন


## অন্ধকারের উৎস হতে

রেনেসাঁসের পথিকৃৎ রামমোহন সমকালীন ভারতেও বিশেষভাবে প্রাসঙ্গিক। এ-দেশে শিক্ষিত এবং নিরক্ষর উভয়বিধ স্ত্রীপুরুষই অন্ধ কুসংস্কারের দ্বারা কমবেশি প্রভাবিত। বৈজ্ঞানিক মুক্তবুদ্ধির ব্যাপক প্রসার ছাড়া এ দেশে সুস্থসমাজ প্রতিষ্ঠি … ইশো বছর আগে রামমোহনের চেতনায় এই সত্য প্রতিভ … তার যুগের শ্রেষ্ঠ ব্যক্তিদের অন্যতম। তাঁর নিজের দেশে অ … ক্তিত্ব এবং বহুমুখী কর্মকাণ্ডের নায়ক সহজে মেলে না।

যাঁদের প্রবন্ধ এই গ্রন্থে অন্তর্ভুক্ত হয়েছে … ায়ণ রায়; আঁদ্রে বেতেই; সালাহ্উদ্দিন আহ্মদ; সুর … কে. জি. সুব্রহ্মণ্যন্; জাহিদা জাইদি; রমা কুণ্ডু; সুতপা ভট্টাচার্য; মানসী দাশগুপ্ত; অনিরুদ্ধ গুপ্ত; স্বরাজ সেনগুপ্ত; সুনন্দ সান্যাল; অলকরঞ্জন বসুচৌধুরী ও কেতকী কুশারী ডাইসন। এছাড়াও গ্রন্থটিতে রামমোহন রায়ের কিছু প্রবন্ধ ও চিঠি সংকলিত হয়েছে।


ISBN: 9788193230954

২০১৯




₹ 399/-

জানুয়ারি, ২০২০




₹ 150/-

ISBN: 978-93-81037-87-4

## মলি ঘোষ ও রবীন্দ্রকুমার শীল-এর

# বহুমাত্রিক বিদ্যাসাগর

দ্বিশতবর্ষের পুণ্য অবসরে আমরা খুব ক্ষুদ্র সামর্থ্যে অল্প কয়েকটি অধ্যায়ে বিদ্যাসাগরের বিশালতা এবং সর্বগম্যতাকে আলোকিত করে তুলতে চেষ্টা করেছি।

গ্রন্থে যে বিষয়গুলি আলোচিত হয়েছে: ‘বর্তমানেও বিদ্যাসাগর সমানভাবে প্রাসঙ্গিক’; ‘ফোর্ট উইলিয়াম কলেজ থেকে বর্ণপরিচয়’; ‘বিদ্যাসাগরের পাশ্চাত্যদ র্শন’;‘ বাংলারই`তিহাসব. চনায়বি জ্ঞানমনস্ক বিদ্যাসাগর’; ‘চিকিৎসক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর’; ‘রসিক বিদ্যাসাগর’; ‘কথকতা এবং বিদ্যাসাগর’; ‘বিদ্যাসাগর ও নীতিকথামালা’; ‘এশিয়াটিক সোসাইটি ও কলকাতা বিশ্ববিদ্যালয়’; ‘বিদ্যাসাগর এবং মদনমোহন তর্কালঙ্কার’; ‘মননে, চিন্তনে এবং দর্শনে বিদ্যাসাগর’; ‘আজকের নারী ও বিদ্যাসাগর’; ও ‘অন্তিমপর্বে বিদ্যাসাগর’।

স্বরাজ সেনগুপ্ত সম্পাদিত

## নবজাগরণের মহত্তম পথিকৃৎ

# ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর


ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর উনিশ শতকের বঙ্গীয় রেনেসাঁসের গতি... ক। তিনি ভারতীয় সভ্যতার সঙ্গে পশ্চিমের সভ্যতাকে মেলাতে চেয়ে... জ্ঞান ও বিজ্ঞানের ভিত্তিতে। বিজ্ঞান ও দর্শনের সূত্রসমূহ শিক্ষার্থীদের ... ষ গুরুত্ব দিয়েছিলেন। মানুষ গড়ার লক্ষ্যে শিক্ষালাভের জন্য দৃষ্টি ফেরা... নবিজ্ঞান ও বিশ্ব-ইতিহাসের দিকে, এই বিশ্বাসে তিনি অনড়, অটল ছিলেন...

এই গ্রন্থটিতে বিদ্যাসাগরের কিছু মূল্যবান রচনা পরিবে... র মনস্বী লেখকদের মধ্যে আছেন রবীন্দ্রনাথ, হরপ্রসাদ শাস্ত্রী, শিবনাথ শাস্ত্রী, চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়, উপেন্দ্রনাথ বিদ্যাভূষণ, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, প্রভৃতি এবং আমাদের কালের মুক্তবুদ্ধি প্রবীণ ও নবীণ লেখকদের মধ্যে আছেন, সুনীতিকুমার চট্টোপাধ্যায়, অন্নদাশঙ্কর রায়, শিবনারায়ণ রায়, নিরঞ্জন ধর, গৌরীপদ ভট্টাচার্য, অলোক রায়, গৌতম নিয়োগী, আশীষ লাহিড়ী, খোন্দকার সিরাজুল হক, চিত্তব্রত পালিত, রমা কুণ্ডু, তরুণ মুখোপাধ্যায়, দেবীপ্রসাদ রায়, অশোককুমার রায়, অচিন রায়, পীয়ুষ কান্তি সরকার এবং অসিত সেন ও সন্দীপ পাল।

ISBN 9788193230978

₹275

অগাস্ট, ২০১৯





₹ 275/-

ড. জয়ন্ত চৌধুরী সম্পাদিত

## অনির্বাণ নেতাজি

অগাস্ট, ২০১৯





₹ 450/-

ISBN : 9789381037836

নেতাজি সুভাষচন্দ্র বসু ভারত-ইতিহাসে এক তুলনারহিত ব্যক্তিত্ব। তাঁর প্রতিভা, তাঁর শৌর্য, তাঁর দেশানুভূতি ও বিশ্বানুভব আমাদের কাছে চিরকালের আদর্শ হয়ে আছে ও থাকবে। তাঁকে ঘিরে দেশবাসীর আবেগ আজও অম্লান। দেশের বাইরে গিয়ে দেশমুক্তির জন্য তাঁর কর্মকাণ্ডের একটি পর্যায় আজও রহস্যাবৃত। এমন এক ব্যক্তিত্বকে নানা দৃষ্টিকোণ থেকে জানা ও বোঝা, তাঁকে ব্যক্তিগত ঘনিষ্ঠতায় উপলব্ধি করা, তাঁর ভাবনা ও দর্শন সম্পর্কে অবহিত হওয়ার লক্ষ্যে নানা লেখার এই গ্রন্থনা। গ্রন্থটিতে যাঁদের লেখা সংকলিত হয়েছে: জানকীনাথ বসু, রবীন্দ্রনাথ ঠাকুর, মোহনদাস করমচাঁদ গান্ধী, মনোজ বসু, প্রবোধকুমার সান্যাল, শ্রীসুভাষচন্দ্র বসু, নীহারেন্দু দত্ত মজুমদার, বীণা ভৌমিক (দাস) অপর্ণা দেবী, রাধারানী দেবী, অনুত্তম ভট্টাচার্য, নেপাল মজুমদার, অশোককুমার মজুমদার, ভি. ভি. গিরি, এইচ্. ভি. কামাথ, হেমন্তকুমার সরকার, দিলীপকুমার রায়, ক্ষিতীশপ্রসাদ চট্টোপাধ্যায়, বিনয় সরকার, সুমিত মুখোপাধ্যায়, অশোককুমার রায়, অনন্ত সিংহ, অনিলকুমার চন্দ, রাসবিহারী বসু, নিশীথরঞ্জন রায়, রমেশচন্দ্র মজুমদার, সত্যেন্দ্রনাথ বসু, পূরবী রায়, এ. এন. সরকার, রমেশচন্দ্র মজুমদার, মেঘনাদ সাহা, হেমেন্দ্রপ্রসাদ ঘোষ, দুর্গাপ্রসাদ মজুমদার, গৌতম চট্টোপাধ্যায়, অতীন্দ্রনাথ বসু, তরুণ রায়, জয়ন্ত চৌধুরী। এছাড়াও সংকলনে নেতাজির ৭৫টি বিরল আলোকচিত্র সংযোজিত হয়েছে।

## শিবনারায়ণ রায় সম্পাদিত
## নবজাগরণের বিবেকী পথিকৃৎ

অগাস্ট, ২০১৬




₹ 175/-

# ডিরোজিও

সম্প্রতিকালে যখন পশ্চিমবঙ্গে, সম্ভবত সারা ভারতেই, স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ে কর্তব্যনিষ্ঠ শিক্ষক নিতান্তই দুর্লভ; যখন উপরতলা থেকে নীচতলা পর্যন্ত প্রায় সর্বত্রই মিথ্যাচার এবং ধাপ্পাবাজী প্রবলভাবে পরিব্যাপ্ত; যখন ধর্মীয় মৌলবাদ, আগ্রাসী রাজনীতি, ব্যবসায়ীদের নির্লজ্জ সম্প্রচার এবং শিক্ষিতত রুণ-তরুণীদেরম ধ্যেওনি রঙ্কুশে লাভেরপ্রসারম ানুষেরস হজাতজি জ্ঞাসাবৃত্তিএ বং অনুশীলিত বিবেকিতাকে প্রায় পুরোপুরি ভাবে সংবেশিত করতে উদ্যত, — তখন আমাদের সেই সামাজিক-সাংস্কৃতিক বিপর্যয়ের কালে যে সব সত্যাগ্রহী পূর্বসুরীর জীবনচর্যার কথা স্মরণ করে বর্তমান প্রজন্মের পক্ষে প্রেরণা লাভ করা সম্ভব তাঁদের মধ্যে হেনরি লুই ভিভিয়ান ডিরোজিও বিশেষভাবে উল্লেখযোগ্য। এই সঙ্কলন গ্রন্থটিতে যাঁদের লেখা সঙ্কলিত হয়েছে তাঁরা হলেন— রবীন্দ্রকুমার দাশগুপ্ত; গৌতম চট্টোপাধ্যায়; গৌতম নিয়োগী; তরুণ সান্যাল; স্বরাজ সেনগুপ্ত; নির্মলেন্দুম ুখোপাধ্যায়;স ূর্যব ন্দ্যোপাধ্যায়;ম ীরাতুনন াহার; পল্লবে সনগুপ্ত;চি ত্তব্রত পালিত; অতীন্দ্রমোহন গুণ; উত্তরা রায়; অপর্ণা কুণ্ডু, অসিত দে, শম্পা ভট্টাচার্য। এছাড়া সঙ্কলিত হয়েছে হিন্দু কলেজ ও ডিরোজিওর মধ্যে পত্রবিনিময়। রচনাপঞ্জি তৈরি করেছেন অশোককুমার রায়।

কাজী সুফিউর রহমান-এর

# বিদ্যাসাগর থেকে বেগম রোকেয়া

## শিশু শিক্ষার সারথি

জানুয়ারি, ২০১৮




শতাধিক বৎসর পূর্বে প্রকাশিত সব শিশুপাঠ্যগুলি আজ আর তেমন পাওয়া যায় না। তেমনি সব পুস্তকগুলির উপর পর্যালোচনা করা সময়সাপেক্ষ কাজ। বর্তমান গ্রন্থে চারটি গুরুত্বপূর্ণ প্রবন্ধের— '*বর্ণপরিচয়*-এর নির্মাণ শিল্প এবং বিদ্যাসাগরের সার্থকতা'; 'বাঙলাদেশে ইংরেজি শিক্ষা প্রসঙ্গে প্যারীচরণ সরকার'; 'মীর মশাররফ হোসেন ও মুসলমানদের বাঙ্গালা শিক্ষা' ও 'মুসলিম নারীজাগরণের রূপকার বেগম রোকেয়া' তথ্যনিষ্ঠ বিশ্লেষণধর্মী আলোচনা করে প্রাথমিক শিশু পাঠ্যের সামাজিক, সাংস্কৃতিক ও ঐতিহাসিক গুরুত্ব বিশ্লেষণ করা হয়েছে। গ্রন্থের শেষে বিদ্যাসাগর, প্যারীচরণ সরকার ও মীর মশাররফ হোসেন-এর শিশুপাঠ্যগুলির নির্বাচিত অংশ সংযোজিত করা হয়েছে।

₹ 150/-

ISBN:978-93-81037-67-6

মুকুল গুহ-র

## বড়ো হওয়ার দিন

ছোটোদের জন্য ইতিহাসের পটভূমিকায় উপন্যাস

মে, ২০১৯

ইলেকট্রনিক গ্যাজেটের … শু কিশোরদের জীবনযাপন। কমপিউটার ল্যাংগুয়েজ যে জানতে … থিত সাক্ষর, বাকিরা নয়। তাই এর বিস্তার আজ সর্বব্যাপী। এই বি… ারদের মধ্যে অবশ্যই বেশি প্রকট হলেও বিভিন্ন বয়সের মানু… কে। মনে হয় সেই দায়বদ্ধতা আমাদের সকলের কাঁধেই ন্যস্ত … নের যে কোনও স্রোতোধারার মধ্যে সেই কৃতকর্তব্যের জন্যই 'অ… হওয়ার দিনগুলিতে' পিতার, মাতার, অভিভাবকদের পদচারণ… টির প্রতিপাদ্য বিষয়।

ISBN:9789381037545

₹ 200/-




₹ 200/-

নিখিলেশ বন্দ্যোপাধ্যায়-এর


# স্রষ্টা ও সৃষ্টি

## বিশ্বের শ্রেষ্ঠ শিল্পীদের শিল্পকর্ম ও জীবন

₹300

9 789381 037461
ISBN: 978938103746


জুন, ২০১৯




₹ 300/-

সারা পৃথিবীর ধ্রুপদী শিল্পীদের জীবন ও কর্ম খুব সহজ, সরল ... তুলে ধরেছেন লেখক ড: নিখিলেশ বন্দ্যোপাধ্যায়। বাংলা ভাষায় শি... বই আর নেই। ছোটো বড়ো সবার মধ্যে শিল্প ও শিল্পীদের সম্পর্কে আগ্র... টি। বিশেষ ভাবে ছবি আঁকতে যারা ভালোবাসেন তাদের কাছে এ... বই। এই বইয়ের সহজ সরল নিবন্ধগুলির মধ্যে দিয়ে লিওনার্দো দা-ভিঞ্চি, মাইকেল-এঞ্জেলো, রাফায়েল, রেমব্রান্ট হারমেনেক্স, ফ্রানসিসকো গয়া, পল গগ্যাঁ, ভ্যান গখ্, রবীন্দ্রনাথ ঠাকুর, ওয়াসেলি ক্যান্দিনিস্কি, অবনীন্দ্রনাথ ঠাকুর, পাবলো পিকাশো, নন্দলাল বসু, যামিনী রায়, সালভাদর দালি, রামকিঙ্কর বেইজ, মকবুল ফিদা হুসেন ইত্যাদি সমস্ত দুনিয়ার কালজয়ী শিল্পীরা হয়ে উঠেছে আমাদের কাছের মানুষ। শিল্পীদের আঁকা প্রতিটি পৃষ্ঠায় জীবন্ত রঙিন ছবি গ্রন্থটিকে আকর্ষণীয় করে তুলেছে।

জানুয়ারি, ২০১৫




₹ 250/-

অসীম রায়-এর


# ইসলাম ও বাঙালি মুসলমান সমাজ

সম্পাদনা

## হাবিব আর রহমান

অসীম রায়ের গবেষণার প্রেক্ষণবিন্দু বাংলায় হিন্দু-মুসলিম সংস্কৃতি-সমন্বয় অনুধাবন। সেটি করতে গেলে বাঙালি মুসলমানের জন্ম-উৎস, তাদের সংখ্যাগরিষ্ঠতার কারণ-সন্ধান এবং রাষ্ট্রিক-সামাজিক অবস্থান অন্বেষণ অপরিহার্য হয়ে দাঁড়ায়। মুখ্যত এ দুটি দিকই তাঁর গ্রন্থের প্রতিপাদ্য। 'ইসলাম ও বাঙ্গালী মুসলিম সমাজ' ওই প্রতিপাদ্যেরই সারসংক্ষেপিত গ্রন্থ-রূপ। সংকলনভুক্ত পাঁচটি প্রবন্ধ: 'ইসলাম ও বাঙ্গালী মুসলিম সমাজ : প্রাক্-ব্রিটিশ পর্ব'; 'ইসলাম ও বাঙ্গালী মুসলিম সমাজ : ব্রিটিশ পর্ব (উচ্চ ও নিম্নশ্রেণীর পরিপ্রেক্ষিত)'; 'ইসলাম ও বাঙ্গালী মুসলিম সমাজ : ব্রিটিশ পর্ব (মধ্যবিত্ত শ্রেণীর পরিপ্রেক্ষিত)'; 'বিভাগ-পূর্ব বঙ্গে মুসলিম দৃষ্টিতে হিন্দু মুসলিম সমস্যা'; 'দেশ-বিভাগ ও সংশোধিত ইতিহাসের রায়' ও 'বাঙালি মুসলমানের পরিচয় অন্বেষণ : ইতিহাস-রচনার পরিপ্রেক্ষিতে'। বাংলায় ইসলাম আগমনের পর থেকে ৪৭-এর বঙ্গ ও ভারত বিভাগ পর্যন্ত একটা কালখণ্ডের ইতিহাসের মর্মচিত্র খুবই সংক্ষিপ্ত পরিসরে কিন্তু বিশ্বস্তভাবে এখানে পাওয়া যাবে বলে বিশ্বাস।

২০১৮




9 789381 037638

₹ 175/-

## কাজল কুমার ঘোষ-এর

# বাংলার রেনেসাঁস
# ও
# উনিশ শতকীয় চিন্তা-চেতনার পথিকৃৎগণ

একুশ শতকের সূচনা-পর্বে দাঁড়িয়ে বাঙালির মনীষা-দৃপ্ত চিন্তা-চেতনার জগৎ সম্পর্কে আলোচনায় বিগত আড়াই শ' বছরের পথ-পরিক্রমা করে গভীর অভিনিবেশের এক একটি পর্বের অনুপূর্ব ব্যাখ্যা ও বিচার-বিশ্লেষণ করেছেন। শুরু করেছেন উনিশ শতকীয় রেনেসাঁসের ঊষা-লগ্ন থেকে, যখন সেই উজ্জ্বল উদ্ভাসের উদ্গাতা রূপে দেখা দিলেন রামমোহন রায়। পশ্চিমের শিল্প সাহিত্য এবং শিক্ষা-সংস্কৃতির অভিঘাতে, পুরনো এবং নতুন মূল্যবোধের সংঘাত ও সহযোগে বাঙালি মানস আলোকিত, উদ্দীপিত হয়ে ওঠে নানা দিক থেকে। এই আলোকীয় ও উদ্দীপনার মহত্তম পরিণতি ও পূর্ণতা রবীন্দ্রনাথে। রেনেসাঁসের ভাব ওভাবনা স্রোতের মোহানায় এসে দাঁড়িয়ে পাঠকের সামনে অনন্ত উদার মহাসাগরের রূপকল্পটি তুলে ধরেছেন।

গ্রন্থে আলোচিত হয়েছে: স্যার উইলিয়াম জোন্স: প্রাচ্যবিদ্যার পথিকৃৎ; উইলিয়াম কেরি ও ভারতীয় ভাষা সাধনা; রামমোহন রায়: আধুনিক চিন্তার অগ্রদূত; দ্বারকানাথ ঠাকুর: কর্মোদ্যোগের পথিকৃৎ; হেনরি লুই ভিভিয়ান ডিরোজিও এবং ইয়ং বেঙ্গল আন্দোলন; বিদ্যাসাগর: সেকিউল্যার হিউম্যানিস্ট; অক্ষয়কুমার দত্ত: বাঙলায় বিজ্ঞানচর্চার পথিকৃৎ; রাজেন্দ্রলাল মিত্র: ঐতিহাসিক বীক্ষণ; মাইকেল মধুসূদন দত্ত: একটি মূল্যায়ন; বঙ্কিমচন্দ্র: আধুনিক বাংলা সাহিত্যের পথিকৃৎ; জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর: কৃতজ্ঞতার ঋণ স্বীকার; সার্বভৌম রবীন্দ্রনাথ।

ISBN: 978-93-81037-64-5

...ানা ছাড়িয়ে দূর মহাকাশে ঘুরে বেড়াতে কার না ইচ্ছে করে। সৌরজগতের প্রতিটি ...ছ থেকে দেখার মজাই আলাদা। আর তার পর যদি চলে যাওয়া যায় আরো আ-রো ...র। "চলো যাই মহাকাশে" তেমনই এক জীবন্ত ভ্রমণ কাহিনী, যা দেবে তোমাদের মহাকাশ ভ্রমণের আনন্দ, বিস্ময় এবং কিছু দুর্লভ তথ্য। এই বই পড়তে গিয়ে ঘরে বসেই পাবেএ কঅ াশ্চর্যক ষ্কনারম হাকাশযানেচ ড়েস ুদূরন ীহারিকায় উধাও হয়ে যাওয়ার অভিজ্ঞতা। আর কে জানে হয়তো এই অভিজ্ঞতাই তোমাদের এগিয়ে নিয়ে যাবে কোন সত্যিকারের মহাকাশযাত্রার দিকে। তোমাদের ভাল লাগলেই সার্থক এই প্রয়াস। প্রতিটি পৃষ্ঠায় জীবন্ত রঙিন ছবি গ্রন্থটিকে আকর্ষণীয় করে তুলেছে।

মে, ২০১৭




₹ 250/-

অরিন্দম চৌধুরী-র


**চলো যাই মহাকাশে**

গোলাম মুরশিদ-এর

# নারী প্রগতির তিন পথিকৃৎ

## রাসসুন্দরী দেবী, কৃষ্ণভাবিনী দাস ও বেগম রোকেয়া

জানুয়ারি, ২০১৮




₹ 100/-

9 789381 037263

রাসসুন্দরী, কৃষ্ণভাবিনী ও রোকেয়ার জীবন-কথায় মূল্য ও গুরুত্ব এখানেই যে, আজও, এই একুশ শতকেও ভারতীয় নারীসমাজ স্বাতন্ত্র্যে, স্বাধিকারে, আত্মশক্তিতে পুরুষ সমাজের সমমর্যাদায় উত্তীর্ণ হতে পারে নি। সত্য সচেতন, তথ্যনিষ্ঠ প্রাবন্ধিক গোলাম মুরশিদ রাসসুন্দরী, কৃষ্ণভাবিনীর জীবনকথা ও রোকেয়ার মহৎ জীবনাদর্শ একালের পাঠকদের সামনে উপস্থাপিত করে পুরুষ সমাজের চিরাভ্যস্ত ভাবনা-চিন্তাকে আঘাত করেছেন। বিশ্বাস করি, এ আঘাতে পুরুষ সমাজ মানসিক জড়তা থেকে গা-ঝাড়া দিয়ে উঠে নারীমুক্তি ও প্রগতির পথে সহায়কের ভূমিকা নিতে পারবে।

জানুয়ারি, ২০১৯

রবীন্দ্রনাথ ঠাকুর-এর

# ভারতপথিক রামমোহন রায়




রামমোহন সামাজিক ও ধর্মীয় মুক্তি এবং ব্যক্তিমানুষের চিন্তায়, মননে ও আচরণে সম্পূর্ণ স্বাধীনতা চেয়েছিলেন। তিনি বুঝেছিলেন, পশ্চিমের জ্ঞান-বিজ্ঞান-দর্শন-সাহিত্য চর্চা এই মুক্তি এই স্বাধীনতা লাভের অনুকূল হবে। তিনি বিশ্বাস করেছিলেন, শিক্ষাই মানুষের বুদ্ধির জড়তা ও মনের অন্ধকার দূর করতে পারে।

রবীন্দ্রনাথ তাঁর *ভারতপথিক রামমোহন রায়* গ্রন্থে রেনেসাঁসপ্রসূত ভাবনা সূত্রে রামমোহনের পূর্বকাল, সমকাল এবং পরবর্তীকালের ইতিকথা গেঁথে তুলেছেন। গ্রন্থটি বর্তমানে বাজারে সহজলভ্য নয়। অথচ রামমোহন চর্চায় আগ্রহী ছাত্র শিক্ষক ও গবেষকদের গ্রন্থটি অবশ্যপাঠ্য।

₹ 125/-

মানস জানা-র

# রাসেলের ভাবনায়


# সমাজ স্বাধীনতা শিক্ষা

দার্শনিক, গণিতবিদ, মানবপ্রেমিক, মুক্তচিন্তার পথিকৃৎ ইত্যাদি বহু অভিধায় ভূষিত, লব্ধপ্রতিষ্ঠ, স্বনামধন্য উজ্জ্বল ব্যক্তিত্বের নাম বার্ট্রান্ড আর্থার উইলিয়াম রাসেল। দর্শন, বিজ্ঞান, সমাজ ও রাষ্ট্রভাবনার ওপর তাঁর বহুবিধ আকর্ষণীয় রচনাসম্ভার সর্বজনবিদিত। জ্ঞানজগতের সর্বত্রই তাঁর ছিল অবাধ পদচারণা। তাঁর বহুমুখী প্রতিভা ও সৃজনীশক্তির মধ্য থেকে শিক্ষা ও স্বাধীনতা বিষয়ক ভাবনাগুলিকে সংক্ষিপ্ত পরিসরে তুলে ধরা এই গ্রন্থের উদ্দেশ্য। সমকালীন বহু বিশ্ববন্দিত মানবতাবাদী ব্যক্তিত্বের চিন্তার সঙ্গে রাসেলের সমাজ, শিক্ষা ও স্বাধীনতার ভাবনা-ধারণা-তত্ত্বের সাদৃশ্য, স্বাতন্ত্র্য ও ভিন্নতাগুলি যতদূর সম্ভব বিষয়ানুগ করে তুলে ধরার প্রয়াস নিয়েছি।

গ্রন্থের দ্বিতীয় পর্বে উপস্থাপিত হয়েছে রাসেলের দুটি প্রবন্ধের অনুবাদ ‘Freedom in Society’ এবং ‘Sceptical Essays’. এই প্রবন্ধগুলিতে অত্যন্ত দায়িত্ব ও নিষ্ঠা সহকারে শিক্ষার মৌলিক বিতর্কগুলিকে যুক্তিবিজ্ঞানের নিরিখে তিনি লিপিবদ্ধ করে গেছেন।

9 788193 230961

₹ 100/-




মানবেন্দ্রনাথ রায়-এর

## যাদের দেখেছি

মানবেন্দ্রনাথ রায় তাঁর সমৃদ্ধ ও বহুমাত্রিক জীবনে পৃথিবীর নানা প্রান্তে বিভিন্ন বিশিষ্ট ও ইতিহাসখ্যাত মানুষের সংস্পর্শে এসেছিলেন। জীবনের শেষ বারো বছরে তখন তাঁর কাজের চাপ তুলনামূলকভাবে কিছুটা কমে এসেছিল তখন এই খ্যাতনামা মানুষদের জীবন ও কাজকর্ম সম্পর্কে তাঁর নিজস্ব উপলব্ধির কথা স্কেচের ঢঙে লিখেছিলেন। এইসব বিখ্যাত মানুষদের সঙ্গে ব্যক্তিগত সম্পর্কের সূত্রেই লেখাগুলি রচিত হয়েছিল। গ্রন্থে যাঁদের কথা আলোচিত হয়েছে তাঁরা হলেন: যতীন মুখোপাধ্যায়; জওহরলাল নেহরু; বল্লভভাই পটেল; চিত্তরঞ্জন দাশ; এম. কে. গান্ধি; মহম্মদ আলি জিন্না; লিও ট্রট্স্কি; জর্জি ডিমিট্রভ; মেথিয়াস রেকোসি; পালমিরো তোলিয়াত্তি; উইলহেম পিয়েক; মার্শাল টিটো; মরিস তরেজ; ইউজিনি ভার্গা; ম্যালেনকভ; মলটভ; ম্যাডাম সুন ইয়াৎ-সেন; চিয়াং-কাই-সেক; ইয়েন সি-শান; মাও সে-তুং; চৌ এন-লাই; হো চি-মিন।

জানুয়ারি, ২০১৯





₹ 150/-

মানবেন্দ্রনাথ রায় ও ফিলিপ স্প্র্যাট-এর

# কমিউনিজম্ পেরিয়ে

জানুয়ারি, ২০১৭




₹ 125/-

সারা বিশ্ব আজ সামাজিক-রাজনৈতিক-অর্থনৈতিক নতুন পথের সন্ধান করছে। বিংশ শতাব্দীর চার-এর দশকে দার্শনিক-বিপ্লবী মানবেন্দ্রনাথ রায় ও তাঁর সহযোগিরা এই উদ্দেশ্যে গভীরভাবে চিন্তা-ভাবনা করেছেন। রেনেসাঁসের মানবনিষ্ঠ মূল্যবোধসমূহ উপেক্ষা করে এবং ক্ষমতাকে কেন্দ্রাভিগ করে মানুষ ও মনুষ্যত্বের স্বাধীন বিকাশের পথ অবরুদ্ধ করে রাখলে রাষ্ট্রের ভাঙন ও বিপর্যয় যে অনিবার্য, তা মানবেন্দ্রনাথ উপলব্ধি করেছিলেন। তিনি যেমন নির্দ্বিধায় জাতীয়তাবাদী রাজনীতি বর্জন করেছিলেন, তেমনি জীবনে এই পর্বে এসে কমিউনিজম্ পেরিয়ে বৈজ্ঞানিক তথা মৌল-মানবতন্ত্রে উত্তীর্ণ হতেও দ্বিধান্বিত হননি। ভারতীয় রাজনীতিতে, বিশ্ব রাজনীতিতেও এমন সাহসী উত্তরণের দৃষ্টান্ত বিরল।

অসিত সেন সম্পাদিত


# শিবনারায়ণ রায়

## শতবার্ষিক স্মারকগ্রন্থ

জানুয়ারি, ২০২০

বাংলা সাহিত্যে মনস্বী প্রাবন্ধিক ও তত্ত্বচিন্তক শিবনারায়ণ রায় এক নাক্ষত্রিক ব্যক্তিত্ব। 'নাক্ষত্রিক' অভিধাটি কোনো আলংকারিক আতিশয্য অথবা অনুরাগ-আতিরেক্য নয়। প্রকৃতপ্রস্তাবে, তাঁর অধ্যয়নের সামুদ্রিক বিশালতা ও বৈদুষ্য সাধারণ পাঠকের চর্চাসীমা থেকে অনেক দূরবর্তী; ঊর্ধ্বায়িত এক জ্যোতিষ্কের মতো। দেশি-বিদেশি বহু চিন্তাবিদ ও কবি-সাহিত্যিক তাঁর প্রগাঢ় চিন্তাশীলতা ও মননদৃষ্টিকে সশ্রদ্ধ মান্যতা দিয়েছেন।

জন্মশতবর্ষে তাঁকে শ্রদ্ধাজ্ঞাপনের জন্যই এই স্মারকগ্রন্থের আয়োজন। এই স্মারকগ্রন্থে যাঁদের লেখা সংগৃহীত হয়েছে: অন্নদাশঙ্কর রায়; অম্লান দত্ত; প্রতিভা বসু; গৌরকিশোর ঘোষ; গৌরী আইয়ুব; অলোক রায়; অলোকরঞ্জন দাশগুপ্ত; স্বরাজ সেনগুপ্ত; শাঁওলী মিত্রচ; গোলাম মুরশিদ; আনিসুজ্জামান; হোসেনুর রহমান; গীতা রায়; যোগেন চৌধুরী; হাসান আজিজুল হক; গৌরীশঙ্কর ভট্টাচার্য; সৌরীন ভট্টাচার্য, রমা কুণ্ডু, প্রবাল দাশগুপ্ত, মীরাতুন নাহার, হাবিব আর রহমান, অতীন্দ্রিয় পাঠক, ঊর্মিলা চক্রবর্তী, শুভাপ্রসন্ন, অসিত সেন, শঙ্করনাথ চক্রবর্তী, অনুরাধা মহাপাত্র, অহনা বিশ্বাস, বোধিসত্ত্ব ভট্টাচার্য, মধুময় পাল, অশোককুমার রায়, অরূপ মজুমদার প্রমুখ।




₹ 300/-

ISBN:9788193230954

## মানবেন্দ্রনাথ রায়-এর


# বিজ্ঞান ও দর্শন

বিংশ শতাব্দীর প্রথমার্ধে বিজ্ঞানের ক্ষেত্রে অনেক যুগান্তকারী আবিষ্কার হয়। পদার্থবিদ্যার জগতে বিপ্লব আসে আপেক্ষিকতা এবং কোয়ান্টাম তত্ত্বের মাধ্যমে। ভূবিদ জীববিদ্যায় যুগান্তর আসে প্রাণের জন্য অপরিহার্য কিছু অণু কৃত্রিমভাবে রসায়নাগারে সংশ্লেষণের পদ্ধতি আবিষ্কৃত হওয়ায়। এর আগে, ঊনবিংশ শতকের দ্বিতীয়ার্ধে, বিবর্তনবাদ প্রচারিত হয়েছিলো, বংশগতিতত্ত্বের সূচনা হয়েছিলো।

অসামান্য গভীরতায় মানবেন্দ্রনাথ আলোচনা করেছেন বিজ্ঞানের এমন সব তত্ত্ব যা তখনো খুবই নতুন, বিজ্ঞানীদের মহলেও যা নিয়ে তখনো তোলপাড় চলছে। সেই সময়ে মানবেন্দ্রনাথ যেভাবে আলোচনা করেছেন এই সব তত্ত্ব এবং তাদের দার্শনিক তাৎপর্য সম্পর্কে, তা সত্যি অসাধারণ। বইটির প্রথম প্রকাশের পরে পঞ্চাশ বছরেরও বেশি কেটে গেছে, এখন বিজ্ঞানেরও অনেক অগ্রগতি হয়েছে, তার ভিত্তিতে দার্শনিক আলোচনাও অনেক হয়েছে, তবু এখনো বইটি প্রাসঙ্গিকতা হারায়নি, এখনো এটি একটি অতি মূল্যবান গ্রন্থ হিসেবেই বিবেচিত হওয়ার যোগ্য।

মার্চ, ২০১৯

₹ 125/-



রমা কুন্ডু-র

# ঝড়ের পাখি

## জুলুমতন্ত্র বনাম একা কলমের পরম্পরা

এ বইয়ের রশ্মিকেন্দ্রে আছে, প্রবল পরাক্রান্ত সমষ্টিবাদী রাষ্ট্রের জুলুমতন্ত্রের বিরুদ্ধে এক যন্ত্রণাক্ত, কিন্তু হাল না ছাড়া, একক প্রতিরোধের পরম্পরা।

এখানে বিগত ও বর্তমান শতকের যে পাঁচজন লেখকের লেখা নিয়েপাঁচটি স্বতন্ত্র অধ্যায়ে আলোচনা করা হয়েছে,—বোরিস পাস্টেরনাক, ওল্‌গা ইভিনস্কায়া, আলেকজান্ডার সোলঝেনিৎসিন, ইশমায়েল কাদরী, লিউ জিয়াওবো—তাঁরা স্থানের বিচারে আমাদের থেকে আপাতদৃষ্টে কিছুটা সুদূর। কিন্তু তাঁদের মধ্যে যে একটি সাধারণ সূত্র বিদ্যমান—সত্য ও স্বাধীনতার জন্য আকুতি ও সাহসিকতা— এখানেই তাঁরা নির্দিষ্ট বিশেষ স্থান-কাল পেরিয়ে সব সম-মানসের আত্মীয় হয়ে ওঠেন; মানসিক তরঙ্গদৈর্ঘ্য পেতে অসুবিধা হয় না; সংকটে বার বার প্রেরণাস্বরূপ হয়ে ওঠেন তাঁরা।

অক্টোবর, ২০২০




₹ 300/-

978-93-81037-90-4


সি. এন. আর. রাও-এর

# রসায়ন আজ

(আন্তর্জাতিক রসায়ন বছর উপলক্ষে লেখা একটি বই)

অনুবাদ: সৌম্যজিৎ রায়

মানুষ রসায়নের ব্যবহার শুরু করে বহু শতাব্দী আগেই। তবে সেই প্রাকৃত রসায়নবিদরা জানতেন না কিভাবে এবং কেন রসায়নের ঘটনাগুলো ঘটে। যাঁরা রসায়নের আবেদনে আকৃষ্ট হয়েছেন তাঁরাই পরিণত হয়েছেন রসায়নের পূজারীতে। যাঁরা নিবিড়ভাবে বুঝেছেন কেমন করে কাজ করে কেমিষ্ট্রি তাঁরা হয়ে উঠেছেন বিজ্ঞানের পথিকৃৎ ও রূপকার। প্রকৃত রসায়নবিদের সম্বল এক ধরনের অনুভব (Intuition) যা যুক্তি ও সৃষ্টি প্রবণতা (Creativity) সঞ্জাত। এই বিরল সমন্বয়ের নাম রাসায়নিক অনুভব (Chemical Intuition)। যার মূলে রয়েছে তথ্য ও তত্ত্ব এবং এক মৌলিকত্ব যার ব্যাখ্যা রসায়নে স্বল্প-পরিচিতের কাছে কিছুটা কষ্টকর। এই অনুপুস্তিকার প্রয়াস--- সময়ের সঙ্গে রসায়নের প্রগতি আর এই অসাধারণ বিষয়ের উল্লেখযোগ্য উন্নয়নগুলো তুলে ধরা।




₹ 150/-

ISBN: 978-93-81037-95-9

জানুয়ারি, ২০১৯

## মানিক বন্দ্যোপাধ্যায়-এর

# চিরকালের ২৫ গল্প




ফেলে আসা জীবনের ছবি মানিককে তাড়া করে গেছে আজীবন। সেই ছবিগুলোকেই মনে মনে জোড়া দিয়েই একটা ঘটনাকে সাজাতে চেষ্টা করতেন। সাজিয়ে তারপর বাস্তবে তা ঘটেছিল কি না যাচাইয়ের চেষ্টা। তাঁর সাহিত্যসাধনা, সংসারযাপন থেকে চরম দারিদ্রের সঙ্গে সহবাস, তাঁর গল্প-উপন্যাসের কাহিনির মতো রূঢ়। কঠিন।

চিরকালের ২৫ গল্প গ্রন্থনাটি পাঠ করে আগ্রহী পাঠক সমগ্র মানিক বন্দ্যোপাধ্যায়ে প্রবেশ করতে আগ্রহী হতে পারেন। পরিশেষে সংযোজিত হয়েছে একটি লেখা যা বাংলা সাহিত্যের অন্যতম অধীশ্বরের জীবনযুদ্ধের খণ্ড-আখ্যান।


₹ 300/-

অক্ষয়কুমার আঢ্য-র

# হুগলী চুঁচুড়ার নানা কথা : ৪

অক্টোবর, ২০২০

আঞ্চলিক ইতিহাস চর্চার বৈশিষ্ট্যই হল নিত্য নূতন তথ্যের উন্মোচন এবং তার দ্বারা পুরাতন তথ্যের নব মূল্যায়ন। এই গ্রন্থটির ক্ষেত্রেও সে কথা প্রযোজ্য। হুগলী আর চুঁচুড়া শহরের কাহিনী অনিঃশেষ এবং বিভিন্ন দৃষ্টিকোণ থেকেই বিষয়গুলিকে দেখা যেতে পারে। এই শহরেই স্থাপিত হুগলী কলেজ থেকে বেরিয়ে এসেছিলেন পরবর্তীকালের বঙ্গ সংস্কৃতির ঋত্বিকেরা। যেমন—রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়, হরচন্দ্র ঘোষ, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, অক্ষয়চন্দ্র সরকার ও তাঁর পিতা গঙ্গাচরণ, স্যার সৈয়দ আমীর আলী, শহীদ কানাইলাল দত্ত, রসময় মিত্র, মুজফ্ফর আহ্‌মেদ, দ্বিজেন্দ্রলাল রায়, প্রমুখ ছাত্রবৃন্দ। এই ভূমিতেই বিপ্লবাচার্য্য ‘মাস্টারমশাই’ শ্রদ্ধেয় জ্যোতিষচন্দ্র ঘোষের আহ্বানে জ্বলে উঠেছিল স্বাধীনতা যুদ্ধের হোমাগ্নি—আর তার ডাকে সাড়া দিয়ে ঘর ছেড়েছিলেন অসংখ্য তরুণ যুবক-উদ্বেলিত প্রাণ। আর ভারতবর্ষের স্বাধীনতা যজ্ঞের ঋক্‌মন্ত্র—বন্দেমাতরম্! তার সৃষ্টিও তো এই ভূমিতেই। এইসব কথা যখন মনে পড়ে, গর্বে আমাদের বুক ফুলে ওঠে।




₹ 300/-


ISBN:97881037911

সৌম্যজিৎ রায়

# উহানের চিঠি

একটা সাজানো ছক রয়েছে। সেই ছক দেখা যায় না খালি চোখে। সময় লাগে। যত সময় যায় তত স্পষ্ট হয়ে ওঠে সেই ছক। তার নিয়ম, তার প্রণালী, সমস্ত কিছু। কিন্তু সেই খেলার ঘরে প্রবেশ করাও যায় না। সে ঘর অপ্রবেশ্য, অদৃশ্য। তাকে শুধু অনুভব করা যায় কল্পনায়। সেই খেলাঘর থেকে বেরিয়ে আসছে ছক, নিয়ম। বাইরে বসে অসংখ্য মানুষ। তাদের জন্য। তবে সে নিয়মের উত্তরাধিকারে সাজানোর অধিকার সবার নেই। কার আছে, কার নেই—তারও নিয়ম আছে। তবে সে নিয়ম গোপনীয়। সবাই জানতে পারে না। সম্ভব নয়। সেই খেলাঘরে যে ছক, সেই ছক একটা খেলার। আর সেই ছক রয়েছে কালাতীত সময় থেকে। আমি এবার কালের সুতো ধরে পুরানো দিনের দিকে পা রাখবো। আর শুধু দেখতে চাইবো কিভাবে সময় পেরিয়ে সেই ছক, সেই খেলা আজও সবার আড়ালে চলে আসছে।

'আমি' এই ভাবনাটা অনেকটা আমাদের একা করে দেয়। করে দেয় হয়তো কিছুটা স্বার্থপরও। ঠিক জীবনের মাঝখানে এসে একাকিত্ব, আর তাকে ভাঙার চেষ্টায় সাতটা ভাবনায় ফিরে দেখা। আর সেই ফিরে দেখার মাঝেই এককের অন্বেষণ অন্তরমুখী থেকে সমাজমুখী হয়েছে। একান্তর আঙিনা পেরিয়ে তাই সৃষ্টি 'উহানের চিঠি'-র।




₹ 125/-


ISBN: 978-93-81037-89-8

ইন্দিরা চন্দ-র

# ওড়া শেখা হলো না

ইন্দিরারক বিতারক থাগুলোএ কঅ তলান্তগ ভীরঅ নুভবশ ব্দেরস্ পন্দনে বিমূর্ত চিত্র হয়ে ওঠে, কখনো সঙ্গীত। একবার পড়ে, আবার পড়ে, ভুলে গেলেও, ফিরে আসে ফের টুকরো চরণ হয়ে। এটাই আমাদের কাছে কবিতার সার্থকতা, মনে করি সবার কাছেই।

ইন্দিরা জীবিকায় মনোবিজ্ঞানী, কবিতা লেখা, ছবি আঁকা তাঁর জীবন। এই বইটির ছবির কোনটি বই-এর অলঙ্করণ নয়, কবিতার চিত্রায়নও নয়। এই কবিতার ছবি, ভাষার অতীত কোন আবেদনের প্রকাশ, অব্যক্ত অভিজ্ঞান। সে অর্থে এখানে ছবি কবিতার পরিপূরক, কখনো-বা প্রতিপক্ষ। নিঃসন্দেহে, কাব্যগ্রন্থে এটি একটি ঈর্ষণীয় সংযোজন। আশা রাখি বইটি পাঠকের কাছে আদরণীয় হবে।





₹ 200/-

সি. এন. আর. রাও ও ইন্দুমতী রাও-এর

# পর্যায়সারণী

## (এক সূচনা)

অনুবাদ: সৌম্যজিৎ রায়




পর্যায় সারণীর জন্ম বিজ্ঞানের এক উল্লেখযোগ্য অধ্যায়। সম্ভবত মানুষের মননের শ্রেণীবিন্যাস এক অন্যতম সৃষ্টি। এর ব্যবহার বহুমুখী এবং চিরন্তন। বিজ্ঞানীরা এর ব্যবহার করে থাকেন প্রতিনিয়ত-অণু বা কোনো মেটিরিয়্যালের অনুষঙ্গ উদ্ভাবন, সৃজন বা ব্যাখ্যায়।

মৌলজগতের শ্রেণীবিন্যাসের প্রয়োজন আর সেই শ্রেণীবিন্যাসের অনুপ্রেরণার যুগল তাগিদেই পর্যায় সারণীর জন্ম।

এই অনুপুস্তিকায় আধুনিক পর্যায় সারণীর উল্লেখযোগ্য বৈশিষ্ট্যের রূপরেখা এঁকে-সেই রূপরেখার আলোয় কিভাবে বস্তুজগতের আচার-ধর্মের গতিপ্রকৃতির ব্যাখ্যা করা যায় তারই এক চেষ্টা করা হয়েছে। এই বইটি ছাত্র, শিক্ষক এবং বিজ্ঞান অনুরাগী সকলের জন্য উৎসর্গ করা হল।

₹ 150/-


ISBN: 978-93-81037-94-2

9 789381 037942

অরুণ দেব ও
মলি ঘোষ-এর

# যারা কবিতা হতে পারত

প্রকাশিতব্য




₹ 200/-

কবিতার ক্যানভাসে সবটাই জীবনের কথা বলে। প্রতিদিনের রোজনামচার রাবিশ সরিয়ে তাই কবিতা হয়ে ওঠে জন্মান্তরের দাবি। জীবনের ভেতর জন্ম নেয় অন্য প্রান্তরেখা। মূল কবিতার প্রতিফলনে নির্মাণ হয় অপর একটি সৃজনের অপেক্ষায়। এখানে কোন নিয়ম নেই— নেই কোন বাঁধা ধরা পথ— বরং ছক ভাঙ্গা খেয়ালখুশির পরতে পরতে সৃষ্টি সুখের উল্লাস। কবিতা এবং প্রতিকবিতায় আমরা এই জন্যই কবির সৃজন-স্বাধীনতায় সম্পূর্ণ মুক্ত বিহঙ্গের দুটি ডানা। কোথাও আলো, কোথাও অন্ধকার— কোথাও গ্রহের সন্ধান, কোথাও কৃষ্ণগহ্বর— জীবনের কঠিন বাস্তব আর স্বপ্নের-কল্পনার ভুবন কবিতায় মিলে মিশে একাকার। অন্ধকারের ভেতর জমে থাকা আলো খুঁজে নিতে চায় সে সব হৃদয় উজাড় করা কথারা যারা কবিতার অভিমুখী— যারা কবিতা হতে পারত।

রমা কুণ্ডু-র


তিয়েনানমেন স্কোয়ারের কবি

# লিউ জিয়াওবো

১৯৮৯-এর তিয়েনানমেন গণহত্যা ছিল জিয়াওবো-র জীবনে একটি পথসন্ধি, যার পর থেকে প্রতীকার্থে তিনি তিয়েনানমেনের স্কোয়ারেই মনে মনে থেকে গেছেন আজীবন। তবু তাঁর অনেক লেখাই শুধু সমসময়ের চীন বলে নয়, বৈশ্বিকভাবেই প্রযোজ্য, তাদের গণতান্ত্রিক মানবিক মূল্যবোধ ও শুদ্ধ বিবেকিতার জন্য।

লিউ জিয়াওবোর জীবন ও রচনা সম্পর্কে একটি বিহঙ্গ-দৃষ্টি আলোচনাসহ তাঁর নোবেল ভাষণ, নির্বাচিত প্রবন্ধ, ও নির্বাচিত কবিতাগুচ্ছ সংযুক্ত হয়েছে। এই রচনাগুলি লেখকের সংগ্রামী সত্তা ও কবিসত্তার নিবিড় সম্পৃক্তিকে ও সম্পূরকতাকে যেভাবে মেলে ধরে কোনো আলোচনায় তা হবার নয়।

চীনে তাঁর নাম উচ্চারণে নিষেধ; কিন্তু এদেশেও তাঁর সম্পর্কে প্রায় কোনো আলোচনা বা চর্চাই নেই। সেই কারণেই একটা তাগিদ থেকেই এই বইটির সূচনা, যাতে এই বিরল বিবেকী মানুষটি সম্পর্কে ও তাঁর লেখালেখি সম্পর্কে অন্তত কিছু চিন্তাশীল পাঠকের সঙ্গে কিছু অনুভব ভাগ করে নেওয়া যায়।





₹ 150/-

ISBN: 978-93-81037-66-9

অরূপ মজুমদার-এর

# মার্ক্সবাদী বুদ্ধিজীবীদের রবীন্দ্রচর্চা ও বিবিধ প্রবন্ধ

“প্রগতির ধ্বজাবাহী মার্ক্সবাদীরা একদিন রবীন্দ্রনাথকে ‘বুর্জোয়া’ কবি বলে বাতিল করতে চেয়েছিলেন। কিন্তু তা সম্ভব নয় বুঝে শেষ পর্যন্ত তাঁকে নিজেদের দলে টানার চেষ্টা করেন। তাঁরা আবিষ্কার করেন যে ১৯৩০ সালে রাশিয়ার তীর্থযাত্রার পর থেকেই রবীন্দ্রনাথ নবজন্ম লাভ করেন। তখন থেকে কবি নাকি সাম্রাজ্যবাদ বিরোধী, বিজ্ঞান মনস্ক, ঈশ্বরের পরিবর্তে মানুষে বিশ্বাসী,য থার্থঅ ধুনিক।গ্রন্থেরে লখকশ্রীঅ রূপম জুমদারব মপন্থী প্রগতিশীল বুদ্ধিজীবীদের এই ভ্রান্ত মতাদর্শ-অনুসারী রবীন্দ্র-মূল্যায়নের সমালোচনা করে সমাজ, সভ্যতা ও ধর্ম বিষয়ে রবীন্দ্রনাথের জীবনব্যাপী চিন্তাভাবনার মূল সূত্রটি তুলে ধরার চেষ্টা করেছেন।” তাছাড়া ১৯৭৪-২০০২ সালের মধ্যে রচিত ‘বিবিধ প্রবন্ধ’গুলির প্রাসঙ্গিকতা আজ সমধিক।




₹ 175/-

ISBN: 978-93-81037-20-1

ফেব্রুয়ারি, ২০২১

ড. তন্ময় পাল-এর

# শ্রীকৃষ্ণকীর্তনে রাগ ও তাল

বর্তমান গ্রন্থে অর্থাৎ ‘‘শ্রীকৃষ্ণকীর্তনে রাগ ও তাল’’ গ্রন্থের লেখক ড. তন্ময় পাল এই গ্রন্থে বিশেষ ভাবে আলোচনা করেছেন সংস্কৃত ভাষায় লেখা সংগীত শাস্ত্রাদির গ্রন্থ অবলম্বনে। **এই বইটিতে শ্রীকৃষ্ণকীর্তনে যে সমস্ত রাগ ও তালের ব্যবহার হয়েছিল সেইসময় সেগুলির রূপ কেমন ছিল এবং বর্তমানে সেই রাগ ও তাল গুলির রূপের কোনো পরিবর্তন ঘটেছে কিনা সেটা খোঁজার চেষ্টা করা হয়েছে।** শুধু তাই নয়, শ্রীকৃষ্ণকীর্তনে উল্লিখিত বহু রাগ অবলম্বনে বর্তমানে প্রচলিত বা অল্প প্রচলিত হিন্দুস্থানী রাগের একটা তুলনাত্মক আলোচনা করে আমাদের নূতন পথের সন্ধান দিয়েছেন। মনে রাখতে হবে, প্রবন্ধে বা পদ-গানে ব্যবহার্য দেশীয় রাগ অপেক্ষা পদের গুরুত্ব ছিল অপরিসীম। এই কারণেই রাগ-নিয়মের শিথিলতা প্রায়শ দেখা যেত বা অশাস্ত্রীয় ছিল না। রবীন্দ্রনাথ স্বয়ং এই পথেরই পথিক ছিলেন। আমরা সর্বান্তঃকরণে এই গ্রন্থের সাফল্য কামনা করি।




₹ 175/-

ISBN: 978-93-81037-96-6

ইগনাজিও সিলোনে-র


# ফন্টামারা

ভাষান্তর: অরিন্দম চৌধুরী

ইতালীর এক পাহাড়ী গ্রাম ফন্টামারা। সেখানকার গরীব মানুষের কঠিন জীবনসংগ্রামে দিন কাটে। মুসোলিনীর ফ্যাসিস্ট পার্টি ক্ষমতায় আসার পর তাদের সরল জীবনযাত্রা হঠাৎ যেন বদলে গেল। রাজনৈতিক পটপরিবর্তন সম্পর্কে সম্পূর্ণ অন্ধকারে থাকা ফন্টামারার মানুষদের ওপরে নেমে এলো একের পর এক অত্যাচার। এই অত্যাচারের কালো ছায়া নেমে আসা নিয়েই ইগনাজিও সিলোনের উপন্যাস ‘ফন্টামারা’।

দুনিয়া জুড়ে ফ্যাসিবাদী রাষ্ট্রনায়কদের পুনরুত্থানের সময় এই ফ্যাসিবিরোধী উপন্যাস ‘ফন্টামারা’ এক বিশেষ সতর্কবার্তা

₹ 125/-




ISBN 978-93-81037-55-3

জনা মজুমদার-এর

# অন্য শিবির


## বাংলা ছোট গল্প সংকলন

এ গল্প জীবনের গল্প— রোজকার চেনাজানা জীবন ‘বেশ আছি’ গোছের থিমে তালের জীবন— ছোট ছোট ঢেউ তুলে কুলকুলিয়ে বয়ে যাওয়া জীবন। তবু কখন হঠাৎ পাড় ভাঙ্গে— কখনো-বা চোরাবালিতে পা গেঁথে যায়। বিভেদের অদৃশ্য কাঁটাতার পথ আগলে দাঁড়ায়।

ধর্মের বিভেদ-শ্রেণির বিভেদ-লিঙ্গের বিভেদ-প্রজন্মের বিভেদ-মননের বিভেদ— হাজারো বিভেদের শ্যাওলায় পা জড়িয়ে যায়। চাইলেও আর পৌঁছুতে পারি না গন্তব্যে। কখনো অধরা থেকে যায় একান্ত প্রিয় মানুষটিও।

সরাতে কি পারি না বিভেদের পাঁচিলটাকে?

পারা না-পারার অজস্র কাহিনী রোজই তৈরি হচ্ছে আমাদের চারপাশে। তারই কিছু নিয়ে অন্য শিবির’ গড়ে উঠেছে। জীবনবোধে সমৃদ্ধ গল্পগুলিকে নিছক সুখপাঠ্য বললে সবটা বলা হয় না। লেখিকার তীক্ষ্ণ অনুভূতিশীল রচনাশৈলী পাঠককে ভাষায়— সন্ধান দেয় এক সুন্দরতর পৃথিবীর।




₹ 150/-

ISBN 978-93-81037-56-0